৩৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUL 1997
পৃষ্ঠা ২ কলাম ১

## শিক্ষাগত যোগ্যতার ভুয়া তথ্য ॥ অধ্যাপক সাসপেন্ড

ইত্তেফাক রিপোর্ট ॥ চাকুরীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতার ভুয়া তথ্য জমা দেওয়ার অপরাধে তেজগাঁও কলেজের গণিতের সহকারী অধ্যাপক মোঃ আবুল হোসেনকে তাহার চাকরি হইতে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। জানা যায়, মোঃ আবুল হোসেন তেজগাঁও কলেজে শিক্ষক হিসাবে দীর্ঘদিন ধরিয়া দায়িত্ব পালন করিয়া আসিতেছিলেন। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর তদন্ত করিয়া দেখিতে পায়, আবুল হোসেন তাহার আবেদনপত্রে বিএসসি ডিগ্রী পাসের শ্রেণী সম্পর্কে ভুল তথ্য লিপিবদ্ধ করিয়াছেন। সরকারী বিশেষ সুবিধা আদায়ের নিমিত্তে একটি আবেদনপত্রে আবুল হোসেন নিজেকে দ্বিতীয় শ্রেণীতে বিএসসি ডিগ্রীধারী বলিয়া উল্লেখ করিয়াছিলেন। বাস্তবে তিনি এই পরীক্ষায় তৃতীয় শ্রেণী প্রাপ্ত। শিক্ষামন্ত্রণালয়ের তদন্ত রিপোর্টের প্রেক্ষিতে ৭ই মে তেজগাঁও কলেজ পরিচালনা পরিষদ এক জরুরী সভায় আবুল হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করিয়াছেন।